

রেডিও স্পট/নাটিকা  
স্থিতিঃ ৫ মিনিট (আনুমানিক)

১ম দৃশ্য

(অনেক মানুষের কোলাহল। চলছে ত্রাণ বিতরণ কার্যক্রম। মাইকে ঘোষণা আসছে- লাইন সোজা করে স্লিপ হাতে নিয়ে দাঁড়িয়ে থাকুন)

মাইক ঃ ভাই ও বোনেরা, আপনারা কোলাহল করবেন না, লাইনে দাঁড়িয়ে নিয়ম মেনে ত্রাণ গ্রহণ করুন।  
ত্রাণকর্মী ঃ (ভিড়ের ভেতরে ঢুকে এক নারীর পেছনে হাত দিয়ে) এই যে, আপনি লাইন বাঁকা করছেন কেন ? সোজা হয়ে দাঁড়ান।  
দৃষ্টি প্রতিবন্ধী বিলকিসঃ এই ভাই কি করছেন? গায়ে হাত দিয়ে কথা বলছেন কেন?  
ত্রাণকর্মী ঃ (আবার গায়ে হাত দিয়ে, রাগান্বিত স্বরে) এত কথা বলেন কেন? সোজা হয়ে দাঁড়ান ? এ... চোখে দেখে না, আবার বড় বড় কথা।

(পাশে থাকা আরেক নারী)

মোমেনা ঃ বিলকিস কি হয়েছে রে?  
দৃষ্টি প্রতিবন্ধী বিলকিসঃ দেখ না আপা, লোকটা নিষেধ করার পরেও দুই-দুইবার আমার গায়ে খারাপভাবে হাত দিয়েছে।  
মোমেনা ঃ কি তোর গায়ে হাত দিয়েছে... দাঁড়া। (ত্রাণকর্মীর সামনে দাঁড়িয়ে উত্তেজিত হয়ে) এই ভাই কে আপনি ?  
১ম ত্রাণকর্মী ঃ আমি কে ? হা হা... দেখছেন না আমরা আপনাদের ত্রাণ দিচ্ছি ? একদম চিন্তাচিন্তি করবেন না তাহলে কিন্তু এখান থেকে খালি হাতে ফিরে যেতে হবে বুঝলেন...  
মোমেনা ঃ ভাই আপনার সাহস তো কম না.? এতো বড় অন্যায় করার পরেও গলা নামাচ্ছেন না।  
১ম ত্রাণকর্মী ঃ অন্যায় ! কি অন্যায় করেছি আমি ?  
দৃষ্টি প্রতিবন্ধী বিলকিসঃ কি অন্যায় মানে, নিষেধ করার পরেও দুই দুইবার আপনি আমার গায়ে অসভ্যের মত হাত দিয়েছেন।  
১ম ত্রাণকর্মী ঃ গায়ে হাত, আমি ? কি বলেন এসব। শোনেন আপারা, আমার মনে হয় আপনাদের ত্রাণের দরকার নাই, যান, আপনারা লাইনের একদম পিছনে গিয়ে দাঁড়ান।  
মোমেনা ঃ লাইনের পিছনে দাঁড়াবো মানে.. আমরা সেই সকাল থেকে এসে লাইনে দাঁড়িয়েছি...  
শফিক ঃ আরে.. আপনারা কি হট্টগোল লাগিয়েছেন... আপনাদের জন্য তো আমাদেরও দেরি হচ্ছে...  
১ম ত্রাণকর্মী ঃ দেখছেন... যান আপা আপনার একদম লাইনের পিছনে গিয়ে দাঁড়ান...না হলে আপনারা যাতে ত্রাণ না পান সে ব্যবস্থা করবো।

## ২য় দৃশ্য

(ব্যাক গ্রাউন্ড এ কোলাহল-এর শব্দ থাকবে...)

দৃষ্টি প্রতিবন্ধী বিলকিসঃ আমরা কি ত্রাণ পাবো না আপা, দেখেছো..ওই ছেলেটা আমার সাথে অসভ্যতা করল,আবার উল্টো আমাদের কথা শুনিয়ে পিছনে পাঠিয়ে দিল..

মোমেনা ঃ দেখ দেখ আমাদের হেড স্যার এসেছেন...

দৃষ্টি প্রতিবন্ধী বিলকিসঃ স্যার এখানে কি করতে এসেছে রে?

মোমেনা ঃ মনে হয় ত্রাণ কার্যক্রম দেখতে এসেছেন, চল তো স্যারকে গিয়ে সব বলি

দৃষ্টি প্রতিবন্ধী বিলকিসঃ কিন্তু স্যারকে জানানো কি ঠিক হবে... তাছাড়া ঐ ত্রাণ কর্মী আমার সাথে যে অসভ্যতা করেছে তা স্যারকে কিভাবে বলবো.. আমার ভীষণ লজ্জা লাগবে।

মোমেনা ঃ তুই বলতে না পারিস, আমি বলবো... চল...

## ৩য় দৃশ্য

কোলাহল-এর শব্দ... এর মধ্যে স্যারের কথা শোনা যাবে

স্যার ঃ কি সব ঠিকঠাক ... সবাই ত্রাণ পাচ্ছে তো?

২য় ত্রাণকর্মী ঃ হ্যা, স্যার সব ঠিকই আছে.. আমার নিয়ম মেনে সকলকে ত্রাণ দেওয়ার চেষ্টা করছি।

মোমেনা ঃ স্যার

স্যার ঃ আরে মোমেনা.. বিলকিস... তোমরা? .. তোমরা ত্রাণের সামগ্রী পেয়েছো?।

দৃষ্টি প্রতিবন্ধী বিলকিসঃ না স্যার... মানে একটা সমস্যা হয়েছে

স্যার ঃ কি সমস্যা বল তো...

দৃষ্টি প্রতিবন্ধী বিলকিসঃ না স্যার...মানে...

মোমেনা ঃ আমি বলছি স্যার, ঐ যে ছেলেটা ত্রাণ দিচ্ছে ও বিলকিসের গায়ে বাজে ভাবে হাত দিয়েছে। সেটা নিয়ে প্রতিবাদ করায় ঐ ছেলেটা আমাদের কথা শুনিয়ে লাইনের একদম পিছনে দাঁড়িয়ে থাকতে বলেছে..না হলে আমাদের ত্রাণ দিবে না।

স্যার ঃ কি !! একে তো তোমাদের সাথে অসভ্যতা করেছে তার উপর আবার হমকি দিচ্ছে। সবুজ এসব কি শুনছি.. আমার স্কুল প্রাঙ্গণে আমারই ছাত্রীদের হয়রানি... ডাকো তো ছেলেটিকে

২য় ত্রাণকর্মী ঃ এই ... আকাশ.. আকাশ এদিকে আয়...

১ম ত্রাণকর্মী ঃ কি হলো আমাকে ডাকছিস কেন.. আমার তো ওদিকে কাজ আছে

স্যার ঃ এই ছেলে তুমি এই মেয়েটির সাথে অসভ্যতা করেছে কেন?

১ম ত্রাণকর্মী ঃ ইয়ে... মানে... না... আমি...

স্যার ঃ আর তুমি নাকি বলেছো, তোমার কথা না শুনলে ওদের ত্রাণ দিবে না... তুমি কি তোমার নিজ টাকায় ত্রাণ দিচ্ছ? দুযোগ্যকালীন সমস্ত ত্রাণ এবং সহায়তা বিনামূল্যে আসে। তাই তুমি এ কথা বলতে পারো না। আর জানো বিপদগ্রস্ত মানুষের সুরক্ষায় মানবিক সহায়তা কর্মীদের কখনই সেবার বিনিময়ে যৌন আচরণ করা যাবে না, কোন ব্যক্তিকে শোষণ কিংবা হমকি দেয়া যাবে না; ক্ষমতার অপব্যবহার করা যাবে না; নারী ও শিশুদের প্রতি অশালীন আচরণ করা যাবে না; প্রতিবন্ধী ব্যক্তিসহ অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠীর সাথে বৈষম্যমূলক আচরণ করা যাবে না।

১ম ত্রাণকর্মী ঃ কিন্তু স্যার এগুলো তো আমি করি নি...

দৃষ্টি প্রতিবন্ধী বিলকিসঃ স্যার, ওই ছেলে মিথ্যে বলছে

স্যার ঃ আমি জানি... ওর চোখ মুখ দেখেই আমি বুঝতে পারছি ও মিথ্যা বলছে। বিলকিস তোমার সাথে মোবাইল আছে?

দৃষ্টি প্রতিবন্ধী বিলকিসঃ হ্যাঁ স্যার, আছে।

স্যার ঃ আমি একটি নম্বর বলছি। তুমি এই নম্বরে কল দিয়ে তোমার সাথে এই ত্রাণকর্মী কি ধরনের অশালীন আচরণ করেছে সেটা রিপোর্ট করো মানে বিস্তারিত জানাও..

দৃষ্টি প্রতিবন্ধী বিলকিসঃ স্যার, নম্বরটা বলেন

স্যার ঃ হ্যাঁ বলছি, ০১৩২৪-৪৪৪৯৭০

ত্রাণকর্মী ঃ ০১৩২৪-৪৪৪৯৭০ নম্বরে! স্যার আমাকে ক্ষমা করেন, স্যার.. আমি আর কোনোদিন এ ধরনের আচরণ করবো না। আপা আমার ভুল হয়ে গেছে, আপা .. আমাকে মাফ করে দেন...

মোমেনা ঃ একদম চুপ, বিলকিস ফোন দিচ্ছিস ?

দৃষ্টি প্রতিবন্ধী বিলকিসঃ জ্বি আপু রিং হচ্ছে।

ত্রাণকর্মী ঃ আপা দয়া করেন, আপা আমাকে মাফ করে দেন... ।

(রিং হওয়ার শব্দ)

ঘোষক ঃ আসুন যৌন শোষণ, নির্যাতন ও নিপীড়নের বিরুদ্ধে রুখে দাঁড়াই ও রিপোর্ট করি।

ঘোষিকা ঃ রিপোর্ট করতে ফোন করুন- ০১৩২৪-৪৪৪৯৭০ নম্বরে।

ক্রেডিট ঃ জনস্বার্থে বার্তাটি দিয়েছে- অ্যাকসেস বাংলাদেশ ফাউন্ডেশন এবং আর্থিকভাবে সহায়তা দিয়েছে Interagency PSEA Community Outreach and Communication Fund